

সমকাল

এইচএসসিতে ১২ ক্যাডেট কলেজে শতভাগ জিপিএ-৫

প্রকাশ: ০৯ ফেব্রুয়ারি ২৩ | ০৫:৫০ | আপডেট: ০৯ ফেব্রুয়ারি ২৩ | ০৫:৫০

অনলাইন ডেস্ক

বঙ্গাবরের মত ২০২২ সালেও এইচএসসি পরীক্ষায় ক্যাডেট কলেজসমূহ শতভাগ সাফল্যের সাথে শতভাগ জিপিএ-৫ পেয়েছে



কৌশিকদাহাট ক্যাডেট কলেজ



বিনাইদহ ক্যাডেট কলেজ



মির্জাপুর ক্যাডেট কলেজ



রাজশাহী ক্যাডেট কলেজ



সিলেট ক্যাডেট কলেজ



রংপুর ক্যাডেট কলেজ



বরিশাল ক্যাডেট কলেজ



পাবনা ক্যাডেট কলেজ



মুন্সিগঞ্জ গার্লস ক্যাডেট কলেজ



কুষ্টিয়া ক্যাডেট কলেজ



কেনী গার্লস ক্যাডেট কলেজ



জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ

ছবি- সংগৃহীত

এইচএসসি পরীক্ষার ফলাফলে দেশের ক্যাডেট কলেজগুলো ঈর্ষণীয় ফলাফল অর্জন করেছে। ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজ থেকে মোট ৬০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬০৫ জনই জিপিএ-৫ পেয়েছে। পাসের হারও শতভাগ এবং জিপিএ-৫ পেয়েছে শতভাগ শিক্ষার্থী। ২০২১ সালেও এইচএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজের জিপিএ-৫ প্রাপ্তির হার ছিল শতভাগ।

জানা যায়, বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেল ও সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান। শুধুমাত্র ভালো ফলাফল অর্জনই নয়, (বরং চৌকষ ও সুনামগরিক হিসেবে ক্যাডেটদের গড়ে তোলাই ক্যাডেট কলেজগুলোর লক্ষ্য। এজন্য ক্যাডেটদের দৈনন্দিন

কার্যক্রমে লেখাপড়ার পাশাপাশি চরিত্র গঠন ও সহশিক্ষা কার্যক্রমকে সমান গুরুত্ব দেওয়া হয়। কলেজ থেকে শিক্ষা লাভের পর ক্যাডেটরা যেন বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছাতে পারে সেই লক্ষ্যে কলেজসমূহে প্রতিনিয়ত নতুন নতুন শিক্ষা ও সহ-শিক্ষা কার্যক্রম সংযুক্ত হচ্ছে।

ক্যাডেট কলেজের ক্যাডেটদের ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে ক্যাডেট কলেজের আভ্যন্তরীণ সু-শৃঙ্খল পরিবেশ, অভিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দের সার্বক্ষণিক পরিচর্যা ও তদারকি, ক্যাডেটবৃন্দের অধ্যাবসায়, নিয়মিত পড়াশুনা এবং আন্তরিক প্রচেষ্টা। ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিক নির্দেশনা, ক্যাডেট কলেজসমূহের অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনুষদ সদস্যবৃন্দ, কর্মকর্তা এবং কলেজে কর্মরত সকল শ্রেণির ব্যক্তিদের প্রচেষ্টা ও অভিভাবকদের সহযোগিতায় এই সাফল্যজনক ফলাফল অর্জন সম্ভব হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com